# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩৮০

১১. কিতাবুয যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ নিরুপায় হলেও নাছোড় হয়ে ভিক্ষা চাওয়া নিষেধ

ذِكْرُ الزَّجْرِ عَنِ الْإِلْحَافِ فِي الْمَسْأَلَةِ وَإِنْ كَانَ الْمَرْءُ مُضْطَرًا

আরবী

3380 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ قَحْطَبَةَ قَالَ: حَدَّثَنَا أَحْمَدُ بْنُ أَبَانَ الْقُرَشِيُّ قَالَ: حَدَّثَنَا ابْنُ عُيَيْنَةَ قَالَ: سَمِعْتُ عَمْرَو بْنَ دِينَارٍ عَنْ وَهْبِ بْنِ مُنَبِّهٍ عَنْ أَخِيهِ سَمِعَهُ مِنْ مُعَاوِيَةَ يَقُولُ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (لَا تُلْحِفُوا فِي الْمَسْأَلَةِ فَوَاللَّهِ لا يسألني أحد شَيْئًا فَتُخْرِجَ لَهُ مَسْأَلَتُهُ مِنِّي شَيْئًا وَأَنَا له كاره فيبارك له فيه)

الراوي : مُعَاوِيَة اا المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3380 | خلاصة حكم المحدث: صحيح: م.

বাংলা

৩৩৮০. মুআবিয়া রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “তোমরা নাছোড় হয়ে সাহায্য প্রার্থনা করবে না। আল্লাহর কসম, যে কোন ব্যক্তি আমার কাছে কোন কিছু চাইলে, যদি আমি তাকে অপছন্দ অবস্থায় কিছু দান করি, তাহলে তাকে তাতে বারাকাহ দেওয়া হবে না।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৪/৯৮; দারেমী: ১/৩৮৭; হুমাইদী: ৬০৪; সহীহ মুসলিম: ১০৩৮; নাসাঈ: ৫/৯৭-৯৮; তাবারানী আল কাবীর: ১৯/৮০৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা‘লীকাতুল হিসান: ৩৩৮০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ মু‘আবিয়াহ ইবন আবূ সুফিয়ান (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92713

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন